তারিখ ... ২ নভেম্বর ১৯৯৫ ...
পৃষ্ঠা ৮ কলাম ... ৬ ...

দৈনিক জনকণ্ঠ

# পৃথক শিক্ষা বোর্ড স্থাপন ফাইল চাপা থাকায় বরিশালে ক্ষোভ

**স্টাফ রিপোর্টার, বরিশাল ॥** সিলেটে পৃথক শিক্ষা বোর্ড স্থাপনের জন্য অর্থমন্ত্রী সাইফুর রহমান শনিবার যে ঘোষণা দিয়েছেন বরিশালবাসী তাতে ক্ষুব্ধ হয়েছে। বিগত দু'টি সরকারের মন্ত্রিপরিষদ বরিশালে শিক্ষা বোর্ড স্থাপনের ব্যাপারে সিদ্ধান্ত নিলেও আজ পর্যন্ত তা বাস্তবায়িত হয়নি। অথচ পৃথক শিক্ষা বোর্ড স্থাপনের জন্য বরিশালে স্থান নির্ধারণ করা হয়েছে বহু আগে।

১৯৭৯ সালের নবেম্বরে তৎকালীন রাষ্ট্রপতি জিয়া বরিশালে অনুষ্ঠিত মন্ত্রিপরিষদের বৈঠকে বরিশালে শিক্ষা বোর্ড স্থাপনের সিদ্ধান্ত নেন। এরপর ১৯৯০ সালের ৫ জুলাই এরশাদ সরকারের প্রধানমন্ত্রী বরিশালে জগদীশ কুলে শিক্ষক সমিতি ফেডারেশনের সভায় শিক্ষা বোর্ড স্থাপনের ঘোষণা দেন। ঐ বছরই সেপ্টেম্বরে মন্ত্রিপরিষদের বৈঠকে বরিশালে শিক্ষা বোর্ড স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। এই সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য ১৮ সেপ্টেম্বর তদানীন্তন প্রধানমন্ত্রী শিক্ষা সচিবকে নির্দেশ দেন। এ পর্যায়ে শিক্ষা মন্ত্রণালয়ের একটি উচ্চ পর্যায়ের প্রতিনিধি দল শিক্ষা বোর্ড ও শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্রের স্থান নির্ধারণ করতে বরিশাল আসেন। প্রতিনিধি দল বরিশাল সেচ প্রকল্পের পরিত্যক্ত ভবন শিক্ষা বোর্ডের স্থান হিসাবে তখন নির্ধারণ করে। এ তথ্য নির্ভরযোগ্য সূত্রের। ঐ সরকারের তদানীন্তন শিক্ষা উপদেষ্টা ২৪ সেপ্টেম্বর বরিশাল সরকারী মহিলা কলেজে আয়োজিত এক সভায় বরিশালে শিক্ষা বোর্ড ও শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের কাজ শীঘ্র শুরু হবে বলে জানান। কিন্তু ১৯৯০ সালের ডিসেম্বরে এরশাদ সরকার ক্ষমতাচ্যুত হওয়ার পর বহু প্রকল্পের মতো বরিশালে শিক্ষা বোর্ড স্থাপনের ফাইল চাপা পড়ে যায়। এদিকে শনিবার শিক্ষা মন্ত্রণালয়ের এক উচ্চ পর্যায়ের কর্মকর্তা বলেছেন, বরিশালে শিক্ষা বোর্ড স্থাপনের কোন পরিকল্পনা বর্তমানে নেই।

ডকুমেন্টেশন কেন্দ্র